

ত্রী আল-কাহফ | Al-Kahf | الْكَهْف

আয়াতঃ ১৮:৮১

আরবি মূল আয়াত:

فَارَدنَا أَن يُّبدِلَهُمَا رَبُّهُمَا خَيرًا مِّنهُ زَكُوةً قَّ أَقرَبَ رُحمًا ﴿٨٨﴾

🗚 অনুবাদসমূহ:

'তাই আমি চাইলাম, তাদের রব তাদেরকে তার পরিবর্তে এমন সন্তান দান করবেন, যে হবে তার চেয়ে পবিত্রতায় উত্তম এবং দয়ামায়ায় অধিক ঘনিষ্ঠ। — আল-বায়ান

এ কারণে আমরা চাইলাম যে, তাদের প্রতিপালক তাদেরকে তার পরিবর্তে অধিক পবিত্র ও দয়া-মায়ায় অধিক ঘনিষ্ঠ (সন্তান) দান করবেন। — তাইসিরুল

অতঃপর আমি চাইলাম যে, তাদের রাব্ব যেন তাদেরকে তার পরিবর্তে এক সন্তান দান করেন যে হবে পবিত্রতায় মহত্তর ও ভক্তি ভালবাসায় ঘনিষ্টতর। — মুজিবুর রহমান

So we intended that their Lord should substitute for them one better than him in purity and nearer to mercy. — Sahih International

৮১. তাই আমরা চাইলাম যে, তাদের রব যেন তাদেরকে তার পরিবর্তে এক সন্তান দান করেন, যে হবে পবিত্রতায় উত্তম ও দয়া-মায়ায় ঘনিষ্ঠতর।

তাফসীরে জাকারিয়া

(৮১) অতঃপর আমি চাইলাম যে, তাদের প্রতিপালক যেন তাদেরকে তার পরিবর্তে (এমন) এক সন্তান দান করেন; যে হবে পবিত্রতায় মহত্তর ও ভক্তি-ভালবাসায় ঘনিষ্ঠতর ।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2221

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন